

সাম্মানিক বাংলা প্রবেশিকা পরীক্ষা, ২০১৯

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

১. সংক্ষিপ্ত উত্তর দাও (দশটি)

$10 \times 1 = 10$

- ক. চর্যাপদের দুজন কবির নাম লেখো।  
খ. মুরারি শীল এবং নেতা ধোগানি চরিত্র দুটি মধ্যযুগের কোন কোন কাব্য ধারায় পাওয়া যায় ?  
গ. গ্রন্থনামসহ দুজন চৈতন্য চরিতকারের নাম লেখো।  
ঘ. 'লক্ষণের শক্তিশেল' কার লেখা ? কোন ধরনের রচনা ?  
ঙ. ১৭৫৭ খ্রিস্টাব্দ বাংলার ইতিহাসে বিখ্যাত কেন ?  
চ. 'হাসুলী বাঁকের উপকথা' কার লেখা ? কোন ধরনের রচনা ?  
ছ. 'নীলকণ্ঠ পাখির খৌঁজে' কার লেখা ? কোন ধরনের রচনা ?  
জ. 'বন্দীর বন্দনা' কার লেখা ? কোন ধরনের রচনা ?  
ঘ. 'কবিতার কথা' কার লেখা ? কোন ধরনের রচনা ?  
ঞ. ফেলুদাকে নিয়ে লেখা সত্যজিতের প্রথম কাহিনিটির নাম কী ?

২. টীকা লেখো (যে কোনো দুটি)

$5 \times 2 = 10$

- ক. বাংলা উপভাষা  
খ. প্রত্নকলাবৃত্ত রীতির ছন্দ  
গ. 'মেঘনাদবধ কাব্য'  
ঘ. 'টুনটুনির বই'  
ঙ. লালমোহন গাঙ্গুলী  
চ. বাঁচুল দি ঘেট

৩. কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ( যে কোনো দুটি)

১০

- ক. বছদিন পরে বঁধুয়া এলে।  
দেখা না হইত পরাণ গেলে ॥  
এতেক সহিল আবলা বলে।  
ফাটিয়া যাইত পাষাণ হলে ॥  
দুখিনীর দিন দুখেতে গেল।  
মথুরা নগরে ছিলে ত ভাল ॥  
এ সব দুখ কিছু না গণি।  
তোমার কুশলে কুশল মানি ॥  
সব দুখ আজি গেল হে দূরে।

[ পর পঠায়

হারানো রতন পাইলাম কোরে ।।  
 কোকিল আসিয়া করুক গান ।  
 অমরা ধরুক তাহার তান ।।  
 মলয় পবন বহুক মন্দ ।  
 গগনে উদয় হটক চন্দ ।।  
 বাশুলী আদেশে কহে চগীদাসে ।  
 দুখ দূরে গেলে সুখ বিলাসে ।।

খ. কাগজ যদিও, তবুও বাঘ ।  
 ছেড়ে দেব? না কি মানাব বাগ?

এখন বুঝেছি আসল দোষী  
 অসির চাইতে ধারালো মসী ।

অটল শুকনো অঙ্ককারে  
 ছন্দ যখন মশাল জ্বালে

তার চেয়ে ভয় কিছুতে নেই  
 কাজেই দিয়েছি গাঁও টেনে ।

তবু ইতিউতি লুকনো বাঘ  
 কেন ঘোরে আজও? দূরে যা, ভাগ ।

কাগজ যদিও, তবুও বাঘ ।  
 ছেড়ে দিতে নেই, মানাব বাগ ।

#### ৪. প্রবক্ষ রচনা করো (যে কোনো একটি)

- ক. যে বইটি নিয়ে তুমি দ্বীপাঞ্চরে যেতেও রাজি আছো
- খ. বাংলা শিশুসাহিত্যের শিশুরা
- গ. রবীন্দ্রনাথ— তোমারে স্মরণ করি আজ এ দারুণ দুর্দিনে
- ঘ. তোমার প্রিয় কমিকস্
- ঙ. তোমার প্রিয় সত্যজিৎ রামের সিনেমা
- চ. সোশ্যাল মিডিয়া ও বাংলা ভাষা